

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, পাবনা
www.doict.pabna.gov.bd

আইসিটি অধিদপ্তর, পাবনা এর জানুয়ারি/ ২০২৪ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	সজীব সরকার প্রোগ্রামার
সভার তারিখ	২৫/০১/২০২৪
সভার সময়	সকাল ১১.০০ টা
স্থান	অনলাইন প্ল্যাটফর্ম(Google Meet)
উপস্থিতি	উপস্থিত সদস্যদের তালিকা-পরিশিষ্ট “ক”

সভাপতি সভায় উপস্থিত সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর আলোচ্য সূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনার বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১।	শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন সংক্রান্ত	শেখ রাসেল ডিজিটাল ল্যাব এবং শেখ রাসেল স্কুল অফ ফিউচার পরিদর্শন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ডিসেম্বর/২০২৩ মাসে জেলা ও উপজেলা কার্যালয় থেকে ২৮ টি ল্যাব পরিদর্শন করা হয়েছে এবং সকল প্রতিবেদন পাওয়া গেছে।	শিক্ষাপ্রতিষ্ঠানের শেখ রাসেল ডিজিটাল ল্যাব এবং শেখ রাসেল স্কুল অফ ফিউচার গুলো পরিদর্শন বিষয়ে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয় ১। প্রতি ৩ মাসের মধ্যে অন্তত একবার ল্যাবগুলো পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়। ২। প্রতিমাসে ল্যাব পরিদর্শনের রিপোর্ট জমা দিতে হবে। ৩। পরিদর্শন রেজিস্টার, সম্পদ রেজিস্টার এবং প্রশিক্ষণ প্রদান রেজিস্টার রাখার জন্য শিক্ষাপ্রতিষ্ঠানকে পরামর্শ প্রদান করতে হবে। ৪। প্রতিমাসে ল্যাব পরিদর্শন আরও বাড়াতে হবে।	
০২।	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি	২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, পাবনার ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন(APA) চুক্তি অর্জন করার বিষয়ে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা হয়।	প্রোগ্রামার, পাবনা/ সহকারী প্রোগ্রামার (সকল), পাবনা/ সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, পাবনা

০৩।	ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প সংক্রান্ত	সভায় ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়।	ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প বাস্তবায়নের ব্যাপারে সকলকে সম্মিলিতভাবে কাজ করতে হবে।
০৪।	Web portal হালনাগাদ	উপজেলা পর্যায়ে আইসিটি অধিদপ্তরের সকল ওয়েব পোর্টাল হালনাগাদ করার বিষয়ে আলোচনা হয়।	উপজেলা পর্যায়ে আইসিটি অধিদপ্তরের সকল ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করতে হবে এবং প্রতি ৩ মাস অন্তর হালনাগাদকরণের রিপোর্ট জেলা কার্যালয়ে পাঠাতে হবে।
০৫।	উপজেলা আইসিটি কমিটির সভা	উপজেলা আইসিটি কমিটির সভা নিয়মিত আহ্বান করার বিষয়ে আলোচনা করা হয়।	নিয়মিত উপজেলা আইসিটি কমিটির সভা আহ্বান করতে হবে এবং সভার কার্যবিবরণী ই-নথি/ডি-নথির মাধ্যমে জেলা কার্যালয়ে প্রেরণ করতে হবে।
০৬।	স্মার্ট অফিস ব্যবস্থাপনা	প্রধান কার্যালয় কর্তৃক বাস্তবায়িত স্মার্ট অফিস ব্যবস্থাপনা (www.soms.gov.bd) এর বিভিন্ন মডিউলের উপর আলোচনা করা হয়।	শেখ রাসেল ডিজিটাল ল্যাব এবং শেখ রাসেল স্কুল অব ফিউচারের পরিদর্শন প্রতিবেদন, ওয়েব পোর্টাল হালনাগাদ প্রতিবেদন ও উপজেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী আবশ্যিকভাবে স্মার্ট অফিস ব্যবস্থাপনা সফটওয়্যারের মাধ্যমে প্রেরণ করতে হবে।
০৭।	বাজেট	বাজেট যথাযথভাবে খরচের বিষয়ে আলোচনা করা হয়।	বরাদ্দকৃত বাজেট অর্থিক বিধিমালা অনুসরণপূর্বক শতভাগ ব্যয়ের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।
০৮।	এসিআর(ACR) সংক্রান্ত	কর্মকর্তা/কর্মচারীদের জন্য এসিআর একটি গুরুত্বপূর্ণ বিষয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	নির্ধারিত সময়ের মধ্যে এসিআর জমা দিতে হবে।
০৯।	অন্যান্য	উপর্যুক্ত বিষয় ছাড়াও অন্যান্য বিষয়ে আলোচনা করা হয়।	উপর্যুক্ত বিষয় ছাড়াও অন্যান্য অর্পিত দায়িত্ব ও উদ্ভূত বিষয়সমূহ সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সহিত পালনের মানসিকতা গড়ে তুলতে হবে এবং সে অনুযায়ী কাজ করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



২৫-০১-২০২৪

সজীব সরকার

প্রোগ্রামার

০২৫৮৮৮৪৫২৫৭

doict.pabna@gmail.com

তারিখ: ১১ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
২৫ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ৫৬.০৪.৭৬০০.০০০.০৬.০০৩.২২.৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর;
- ২। সহকারী প্রোগ্রামার(সকল), পাবনা এবং
- ৩। সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, পাবনা।



Washier

২৯-০১-২০২৪

মোহাম্মদ ওয়াসিম উদ্দীন
সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার

সকল সংযুক্তিসমূহ:

- (১) উপস্থিতি জানুয়ারি ২০২৪